

তফসিল-৩

বিধি-৩(৩) দ্রষ্টব্য।

লাইসেন্সপ্রাপ্তির শর্ত

ক্রমিক নং	ক্যাটাগরি	শর্তাবলী
(১)	পশুখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বাজারজাতকারক (ক্যাটাগরি-১)	<p>(ক) হালনাগাদ আয়কর সনদ থাকিতে হইবে;</p> <p>(খ) কারিগরি জনবল থাকিতে হইবে;</p> <p>(গ) কারখানা, মেশিনারী, যন্ত্রপাতি ও সরঞ্জামাদি;</p> <p>(ঘ) মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরি থাকিতে হইবে।</p> <p>প্রযোজ্য ক্ষেত্রে SOP, GMP, HACCP ইত্যাদি থাকিতে হইবে;</p> <p>(ঙ) পশুখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ ক্ষমতার তথ্যাবলী থাকিতে হইবে;</p> <p>(চ) প্যাকিং ও লেবেলিং বিষয়ে তথ্যাদি থাকিতে হইবে;</p> <p>(ছ) কারখানা ঘন জনবসতি এলাকার বাহিরে পর্যাপ্ত যোগাযোগ ব্যবস্থা থাকিতে হইবে;</p> <p>(জ) বর্জ্য ও পয়গনিষ্কাশন ব্যবস্থা থাকিতে হইবে; এবং</p> <p>(ঝ) আয়কর ও ট্রেড লাইসেন্স (হালনাগাদ) থাকিতে হইবে।</p>
২।	পশুখাদ্য আমদানি, রপ্তানি, সংরক্ষণ ও বাজারজাতকারক (ক্যাটাগরি-২)	<p>(ক) আমদানি ও রপ্তানি লাইসেন্স থাকিতে হইবে;</p> <p>(খ) হালনাগাদ আয়কর সনদ পত্র থাকিতে হইবে;</p> <p>(গ) পশুখাদ্য গুদামজাতকরণ উপযোগী মানসম্মত প্রয়োজনীয় ধারণ ক্ষমতা সম্পন্ন গুদাম থাকিতে হইবে; এবং</p> <p>(ঘ) প্যাকিং ও লেবেলিং ব্যবস্থাপনা থাকিতে হইবে।</p>
৩।	পশুখাদ্য বিক্রয়কারক (ক্যাটাগরি-৩)	<p>(ক) বিক্রয়স্থলের পূর্ণাঙ্গ ঠিকানা থাকিতে হইবে;</p> <p>(খ) হালনাগাদ ট্রেড লাইসেন্স (আয়কর হালনাগাদ) থাকিতে হইবে; এবং</p> <p>(গ) পশুখাদ্য সংরক্ষণের উপযোগী গুদামের ব্যবস্থা থাকিতে হইবে।</p>